দামুড়হুদায় গরু কিনতে এসে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে সর্বস্ব হারালেন কৃষক

দামুড়হুদার ডুগডুগী পশুরহাটে গরু কিনতে এসে বাসের মধ্যে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে সর্বস্ব লুট হয়েছে এক ব্যক্তির। অজ্ঞান ব্যক্তিকে বাসের হেলপার ও কনট্রাকটর ধরাধরি করে কাঁঠালতলা বাজারে নামিয়ে দেয়।

আজ সোমবার দুপুর ১ টার দিকে এঘটনা ঘটে। অজ্ঞান ব্যাক্তি হলো ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার জিন্নাহনগর গ্রামের মকসেদ আলী’র ছেলে জয়নাল আবেদিন (৫০)। তিনি ডুগডুগী পশুহাটে গরু কেনার জন্য আসছিলেন।

স্থানীয় ও পারিবারিক সুত্রে জানাগেছে, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার জিন্নাহনগর গ্রামের জয়নাল আবেদিন গরু কেনার জন্য যানবাহন বাসে উঠে

দামুড়হুদা উপজেলার ডুগডুগি পশুহাটে আসছিলো। তার কাছে গরু কেনার জন্য নগদ ২ লক্ষ ৫০ হাজার টাকা ছিলো। বাসের মধ্যে সুযোগ বুঝে অজ্ঞান পার্টিরা কোন এক সময় লোক চক্ষুর আড়ালে জয়নাল আবেদিনকে অচেতন বস্তুদ্বারা অজ্ঞান করে লুঙ্গির ট্যার কেটে নগদ টাকা নিয়ে সটকে পরে। বাসের লোকজন অজ্ঞান দেখে তাকে কাঁঠালতলা বাজারে নামিয়ে দেয়। অজ্ঞান ব্যক্তির কাছে একটি বাটম ফোন ছিলো। ঐ ফোন দিয়ে স্থানীয়রা তার পরিবারের সাথে যোগাযোগ করে। পরে তাকে পরিবারের লোকজন এসে তাকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এবিষয়ে তার ছেলে বলেন, আমার আব্বা গরু কেনার জন্য ডুগডুগি পশুহাটে এসেছিলো। হাটে আসার সময় আমার আব্বার সাথে আমি আসতে চেয়েছিলাম, কিন্তু আব্বা বল্লো আমার সাথে লোকজন আছে তারা যাবে তোমার যেতে হবে না। আব্বা সুস্থ হলে জানাযাবে তার আসলে কি হয়েছিলো। সে অনুযায়ী পরবর্তীতে আইনের সাহায্য গ্রহণ করবো।